

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ টিচার্স ট্রেনিং কলেজ ক্যাম্পাস, ময়মনসিংহ
ফোন : ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/নেত্র/কলেজ/২০১৮/ ০০ ৫৩

তারিখ : ২৫/০৮/১৮

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে “লঘু সংগীত” বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : (ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.১৯৮ তারিখ ২৩/০৭/২০১৮ ইং
(খ) অধ্যক্ষ এর ৩০/০৭/২০১৮ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলাধীন “দুর্গাপুর মহিলা কলেজ” এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্তে উচ্চমাধ্যমিক পর্যায়ে “লঘু সংগীত” বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ :

- ক) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি (এমপিও না দেয়ার শর্তে) কলেজের স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- খ) আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- গ) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিও ভুক্ত করা যাবে না;
- ঘ) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ঙ) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- চ) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ছ) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- জ) কোন শর্ত পালনে ব্যর্থ হলে সরকার যে কোন এ আদেশ বাতিল করতে পারে;

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

শেখ মোঃ হাবিবুর রহমান

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

ফোন : ০৯১- ৫৩৩৩৬ (অ)

ই-মেইল : inscollbisemym@gmail.com

অধ্যক্ষ

দুর্গাপুর মহিলা কলেজ (EIN-112974)

ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।


মেমো নং : ০০৫৩ (৬)

তারিখ : ২৫/০৮/১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. পরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. অফিস কপি।




কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।